অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 8/30/2024 **গভর্নর ক্যাথি হোকল**

শ্রম দিবসের সপ্তাহান্তকে সামনে রেখে গভর্নর হোকল নিউ ইয়র্কবাসীকে পানিতে নিরাপদ রাখতে বিধিমালায় স্বাক্ষর করলেন

S.9748/A.10334 অস্থায়ী শৈশবে ডুবে যাওয়ার ঘটনা প্রতিরোধের কমিশনের মেয়াদ বৃদ্ধি করে

S.5815A/A.6205 স্বাস্থ্য বিভাগকে প্রাণঘাতী এবং প্রাণঘাতী নয় এমন ডুবে যাওয়ার বিপদ সম্পর্কে জনসচেতনতা প্রচার করার অনুমতি প্রদান করে

S.7731A/A.9888C স্টেটের অগ্নি প্রতিরোধ এবং ভবন কোড পরিষদকে পুলের ঘেরকে আটকানোর ব্যবস্থা সম্পর্কিত মানদণ্ড তৈরি করার সময় নমনীয়তা প্রদান করে

শ্রম দিবসকে সামনে রেখে গভর্নর ক্যাথি হোকল আজকে পুল ও সাঁতারের ক্ষেত্রে জননিরাপত্তাকে বলীয়ান করা সম্পর্কিত বিধিমালার তিনটি অংশে স্বাক্ষর করেছেন। বিধিমালা S.9748/A.10334 অস্থায়ী শৈশবে ডুবে যাওয়ার ঘটনা প্রতিরোধের কমিশনের (Commission to Prevent Childhood Drowning) মেয়াদ আরো এক বছর বৃদ্ধি করে। বিধিমালা S.5815A/A.6205 হলো প্রাণঘাতী এবং প্রাণঘাতী নয় এমন ডুবে যাওয়ার বিপদের ব্যাপারে শিক্ষার সাথে সম্পর্কিত। বিধিমালা S.7731A/A.988C আন্তর্জাতিকভাবে স্বীকৃত মানদণ্ড অনুযায়ী পুলের ঘের খোলার পদ্ধতির মানদণ্ড তৈরি করা স্টেটের অগ্নি প্রতিরোধ ও ভবন কোড পরিষদের (fire prevention and building code council) জন্য আবশ্যক করে।

"ডুবে যাওয়ার ঘটনায় প্রিয়জন হারানোর অভিজ্ঞতা কারো হওয়া উচিত নয়, তাই সাঁতার শেখানোর প্রশিক্ষণ সম্প্রসারিত করতে আমাদের বর্ধিত বিনিয়োগের পাশাপাশি আমরা জীবন রক্ষা করতে এবং মর্মান্তিক দুর্ঘটনা প্রতিরোধ করতে সম্ভাব্য সকল ব্যবস্থা গ্রহণ করছি," **গভর্নর হোকল বলেন।** "নিউ ইয়র্কের সাঁতারুদের নিরাপদ রাখার জন্য শিক্ষা এবং যথাযথ নিরাপত্তা মানদণ্ড অত্যাবশ্যকীয় এবং আজকে স্বাক্ষর করা বিধিমালার অংশগুলি এইসব সমস্যার সমাধানে অনেক সাহায্য করবে।"

বিধিমালা S.9748/A.10334 নিউ ইয়র্ক ইয়র্ক স্টেটের পানিতে নিরাপত্তা বৃদ্ধি করতে শৈশবে ডুবে যাওয়া প্রতিরোধের কমিশনের মেয়াদ আরেক বছরের জন্য বৃদ্ধি করবে যাতে তারা শিশুদের

পানিতে নিরাপত্তা সম্পর্কে যথাযথ শিক্ষা ও প্রশিক্ষণ প্রদান করা এবং সাঁতার শেখানোর কর্মসূচির মূল্যায়ন ও বিকাশে তাদের কাজ অব্যাহত রাখতে পারে।

স্টেটের সিনেটর জন ডব্লিউ ম্যানিয়ন বলেন, "যে কোনো ব্যক্তি ডুবে যাওয়ার শিকার হতে পারে, কিন্তু আমার বিধিমালা যেই সঠিক জ্ঞান এবং উচ্চতর জনসচেতনতার প্রচার করবে তার দ্বারা আমরা নিশ্চিত করতে পারবো যাতে সকল নিউ ইয়র্কবাসী নিরাপদে স্টেটের পুল, লেক এবং জলাশয়ে উপভোগ করতে পারে। নিঃশব্দে ডুবে যাওয়ার মহামারীর মোকাবেলায় গভর্নরের অংশীদারিত্ব এবং গুরুত্বপূর্ণ এইসব বিলকে আইন হিসেবে স্বাক্ষর করার ক্ষেত্রে তার দ্রুত পদক্ষেপের জন্য আমি কৃতজ্ঞ।"

অ্যাসেম্বলি সদস্য স্টেসি ফেফার আমাটো বলেন, "মার্কিন যুক্তরাষ্ট্রে 4 বছরের কম বয়সের শিশুদের মৃত্যুর শীর্ষ কারণ বর্তমানে ডুবে যাওয়া, এবং এটিকে পরিবর্তন করার ব্যাপারে আমাদের মধ্যে সকলেই প্রতিশ্রুতিবদ্ধ আছে। এই বিধিমালার মাধ্যমে নিউ ইয়র্ক শিশুদের জীবনকে অগ্রাধিকার প্রদান করা অব্যাহত রেখেছে এবং ডুবে যাওয়া প্রতিরোধ করার উপায় খুঁজতে নিজের কাজটি করছে।এই ঐতিহাসিক কমিশনের কাজ আমাদের সম্পূর্ণ স্টেটের জন্য অত্যাবশ্যকীয় হয়ে আছে, এবং তাদের কাজ অব্যাহত রাখার সক্ষমতাকে আইনে পরিণত করার জন্য আমি গভর্নর হোকলের প্রশংসা করছি।"

বিধিমালা S.5815A/A.6205 স্বাস্থ্য বিভাগকে (Department of Health) প্রাণঘাতী এবং প্রাণঘাতী নয় এমন ডুবে যাওয়ার বিপদ সম্পর্কে জনসচেতনতা প্রচার করার শিক্ষা ও আউটরিচ কর্মসূচি সম্পাদন করার অনুমতি প্রদান করে।

অ্যাসেম্বলি সদস্য কারিনেস রেয়েস বলেন, "আজকে বিধিমালার এই গুরুত্বপূর্ণ অংশে স্বাক্ষর করার জন্য আমি গভর্নর হোকলের প্রশংসা করছি। প্রাণঘাতী এবং প্রাণঘাতী নয় এমন ডুবে যাওয়ার ঘটনা প্রতিরোধ করতে শিক্ষা ও গণ আউটরিচ ক্যাম্পেইন আরম্ভ করাকে স্বাস্থ্য বিভাগের জন্য বাধ্যতামূলক করার মাধ্যমে এই বিধিমালাটি অগণিত জীবন রক্ষা করবে। বরোর জলাশয়ে এবং অন্যান্য অশ্বেতাঙ্গ সম্প্রদায়ে সরকারি পুল ও নিরাপদ সাঁতারের প্রশিক্ষণ পাওয়ার সুযোগের ঘাটতির কারণে সংঘটিত বহু সংখ্যক ডুবে যাওয়ার ঘটনা সম্পর্কে ব্রঙ্কসের একজন বাসিন্দা হিসেবে আমি খুব ভালো করে অবগত আছি। পানিতে বিনোদনের সময় যে নিরাপদতর অনুশীলন ব্যবহার করা যায় তা সম্পর্কে শিশু ও পরিবারকে শিক্ষাদান করার ব্যাপক প্রয়োজন রয়েছে। আসন্ন শ্রম দিবসের সপ্তাহান্তে এবং ভবিষ্যতের গ্রীষ্মকালে পরিবারসমূহ যাতে পানিতে নিরাপদে সময় কাটানোকে উপভোগ করতে পারে তা নিশ্চিত করার জন্য নতুন এই আইনটি একটি গুরুত্বপূর্ণ প্রথম ধাপ। গুরুত্বপূর্ণ এই বিষয়ে নিউ ইয়র্ক পানি নিরাপত্তা কোয়ালিশন (New York Water Safety Coalition) এবং স্টেটের সিনেটর জন ম্যানিয়নের নেতৃত্ব ও অংশীদারিত্বের জন্য আমি তাদের ধন্যবাদ জানাচ্ছি।"

বিধিমালা S.7731A/A.9888C সুইমিং পুলের ঘেরের গেট পরিচালনার জন্য নিউ ইয়র্ক স্টেটের বর্তমান সংবিধিবদ্ধ বিধানকে আন্তর্জাতিক সুইমিং পুল ও স্পা কোড (International Swimming Pool and Spa Code) এবং আমেরিকান সোসাইটি ফর টেস্টিং অ্যান্ড ম্যাটেরিয়াল কোডের

(American Society for Testing and Materials Code) ভাষার সাথে মানানসই করার অনুমোদন নিউ ইয়র্ক স্টেটের অগ্নি প্রতিরোধ ও ভবন কোড পরিষদকে প্রদান করে।

স্টেটের সিনেটর প্যাট্রিক গালিভান বলেন, "এইসব নিরাপত্তা বিধান সংশোধন করা হলে তা নিশ্চিত করতে সাহায্য করবে যাতে একটি জরুরি পরিস্থিতিতে প্রথম সাড়াদানকারী এবং আশেপাশে উপস্থিত ব্যক্তিরা সুইমিং পুলের গেট খুলতে সক্ষম হয়। নিউ ইয়র্কের প্রবিধানকে আন্তর্জাতিক মানদণ্ডের সাথে মানানসই করা হলে তা পুলের নিরাপত্তা বৃদ্ধি করবে এবং শিশুদের আরো বেশি সুরক্ষিত রাখবে। এটিকে আইনসভার নজরে আনার জন্য বেড়া এবং সুইমিং পুল শিল্পখাতকে আমি ধন্যবাদ জানাচ্ছি।"

অ্যাসেম্বলি সদস্য জন টি ম্যাকডোনাল্ড দ্য থার্ড, RPh বলেন, "A.9888C কে আইন হিসেবে স্বাক্ষর করার মাধ্যমে ডুবে যাওয়া প্রতিরোধ করা এবং পুলের নিরাপত্তা বৃদ্ধি সম্পন্ন করা সম্ভব হবে। নতুন এই আইনটি পুলের ঘেরের যথাযথ ব্যবহার এবং প্রথম সাড়াদানকারীদের জন্য আরো সহজতর অ্যাক্সেসকে উৎসাহিত করে। এই ব্যবস্থাটিকে আইন হিসেবে স্বাক্ষর করার জন্য গভর্নর ক্যাথি হোকলকে ধন্যবাদ।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন